ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

******

স- ১০৮৮

কাঞ্চনপুর, ৬ জুন, ২০২৫

**খেদাছড়া হাইস্কুলে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত**

পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ খেদাছড়া হাইস্কুলে এক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে পানিসাগর মহকুমা প্রশাসনের ডিসিএম দিবাকর জমাতিয়া সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্ম রূপায়ণ নিয়ে এলাকাবাসীর সঙ্গে মতবিনিময় করেন। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৭০টি এসটি সার্টিফিকেট, ৬৫টি পিআরটিসি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয় ও ৪০টি আয়ের সার্টিফিকেট বিতরণ করা হয়। এছাড়া স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৩৮ জনের চিকিৎসা করে বিনামূল্যে ওষুধ দেওয়া হয়। শিবিরে ৮৬ জনের আধার কার্ড আপডেট করা হয়।

****